যে কাঁদনে হিয়া কাঁদিছে   সে কাঁদনে সেও কাঁদিল।
যে বাঁধনে মোরে বাঁধিছে   সে বাঁধনে তারে বাঁধিল ॥
পথে পথে তারে খুঁজিনু,   মনে মনে তারে পূজিনু,
সে পূজার মাঝে লুকায়ে   আমারেও সে যে সাধিল ॥
এসেছিল মন হরিতে   মহাপারাবার পারায়ে।
ফিরিল না আর তরীতে,   আপনারে গেল হারায়ে।
তারি আপনারই মাধুরী   আপনারে করে চাতুরী,
ধরিবে কি ধরা দিবে সে   কী ভাবিয়া ফাঁদ ফাঁদিল ॥

---

Parjaay: Bichitro, Taal: Ektaal/Nabataal, Raag: Mishra-Purvi
Visit www.geetabitan.com for notation and other detail